

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- ◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
 - ◇ প্রোগ্রামার
 - ◇ সহকারী প্রোগ্রামার
 - ◇ সঃমোঃই-১/সঃমোঃই-২
 - ◇ নথি
- ডায়েরি নং.....০৫/০৩/২০২০
তারিখঃ.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
পরিকল্পনা শাখা

নং-৩৫.০০.০০০০.০৩৩.৩৪.০০৪.১৬-৫৬

তারিখঃ ০১/০৩/২০২০ খ্রি:

পরিপত্র

বিষয়ঃ টেকসই সড়ক অবকাঠামো নির্মাণ/উন্নয়নে প্রকল্প ও কর্মসূচি প্রণয়ন, অগ্রাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং, তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ তৈরি ও হালনাগাদকরণ, কাজের গুণগত মান নিয়ন্ত্রণ, সড়ক নিরাপত্তা, গবেষণা এবং মেরামত/সংস্কার ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কিত।

টেকসই ও নিরাপদ মহাসড়ক নেটওয়ার্ক নির্মাণ/উন্নয়ন ও সম্প্রসারণ এবং মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণপূর্বক আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের নিমিত্ত প্রকল্প ও কর্মসূচি প্রণয়ন, অগ্রাধিকার নির্ধারণ, তথ্য নির্ভর প্রাক্কলন প্রস্তুত, প্রকল্প বাস্তবায়ন, অনলাইন মনিটরিং ও তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ সংরক্ষণ ইত্যাদি বিষয়ে গত ২৭ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে নিম্নলিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. প্রকল্প ও কর্মসূচি প্রণয়ন এবং অগ্রাধিকার নির্ধারণ:

- সড়ক ও জনপথ অধিদপ্তর দীর্ঘ মেয়াদি পরিকল্পনার আলোকে মহাসড়কের শ্রেণিভিত্তিক গৃহীতব্য উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করবে।
- প্রকল্প প্রস্তাব প্রণয়নের পূর্বে বিস্তারিত ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে জোনভিত্তিক ফিজিবিলিটি স্ট্যাডি প্রজেক্ট গ্রহণ করা যেতে পারে। ফিজিবিলিটি স্ট্যাডি সম্পন্ন করার নিমিত্ত উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানসমূহের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করে রাখা যেতে পারে।
- নির্ভুল উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রণয়নের পূর্বে প্রকল্প এলাকা সরেজমিনে নিবিড় পরিদর্শনের বিষয়টি নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয় সংশোধনীর মাধ্যমে প্রকল্পের ব্যয় বৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে।
- ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে বিস্তারিত সার্ভে করত: ভূমির পরিমাণ নির্ধারণ, সঠিকভাবে ভূমি অধিগ্রহণ ব্যয় প্রাক্কলন ও ভূমি অধিগ্রহণের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা ডিপিপি'তে সংযুক্ত করতে হবে।
- ফিজিবিলিটি স্ট্যাডির আওতায় রক্ষাপ্রদ কাজ, সাইন, সিগন্যাল, কিলোমিটার পোস্ট, সড়ক উপযোগী গাছ রোপন, বিশ্রামকেন্দ্রে বিবিধ সুবিধা স্থাপন, ইউটিলিটি সিফটিং ও জমির পরিমাপ সঠিকভাবে নির্ধারণ, বাস-বে, বাজার অংশের যথাযথ ডিজাইন সমন্বয় ও ডেন সুবিধা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রকল্পে সীমানা পিলার স্থাপনের সংস্থান রাখতে হবে।
- সাইন, সিগন্যাল, ডিরেকশনাল সাইন ইত্যাদি চেইনেজওয়ারি উল্লেখ করে উন্নয়ন প্রকল্প প্রস্তাবে সংযোজন করতে হবে।
- জিওবি অর্থে গৃহীত প্রকল্পের ক্ষেত্রেও প্রয়োজন অনুযায়ী সুপারভিশন কনসালট্যান্ট এর সংস্থান রাখা প্রয়োজন। এছাড়া, প্রকল্পে ন্যূনতম সংখ্যক সহযোগী জনবলের সংস্থান রাখার বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

২. প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং:

- ভেটিং প্রক্রিয়ায় স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিতকল্পে যে সকল ক্ষেত্রে সওজ অধিদপ্তরের ভেটিং প্রয়োজন হবে সেসকল ক্ষেত্রে সংশ্লিষ্ট উইং'কে সম্পৃক্তকরতঃ ডিজাইন, স্ট্যাডি সম্পন্ন করতে হবে। তবে, সরেজমিন যাচাইকরতঃ ভেটিং প্রদান করতে হবে।
- ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে ডেনেজ, চেইনেজ উল্লেখ করে স্থায়ী রক্ষাপ্রদ কাজ, নিরাপদ সড়ক, টেকসই নির্মাণ উপকরণ ও উদ্ভাবনী ডিজাইনকে উৎসাহিত করার মাধ্যমে ব্যয় সাশ্রয়ী ও দীর্ঘস্থায়িত্বের বিষয়ে গুরুত্ব দিতে হবে।
- নির্মাণ উপকরণ, কাজ শুরুর সময়, জনবল, যন্ত্রপাতি, ল্যাব ইকুইপমেন্ট, সাইট অফিস ও সাইটবুকসহ মনিটরিং এর বিষয়বস্তু সুনির্দিষ্ট করে একটি ম্যানুয়াল প্রস্তুত করা যেতে পারে। ম্যানুয়ালে বর্ণিত নির্দেশনার ভিত্তিতে মনিটরিং টিম সাধারণ ম্যানুয়াল ও কারিগরি ম্যানুয়াল ব্যবহার করে মনিটরিং কার্যক্রম পরিচালনা করতে পারে।
- মনিটরিং ম্যানুয়াল মোতাবেক ঠিকাদার-এর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রপাতি, জনবল, সাইট অফিস, টেস্টিং সরঞ্জাম ইত্যাদির সংস্থান যথাযথভাবে যাচাই ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং কাজ শুরু করার সাথে সাথেই সাইটে এসব সুবিধা স্থাপন নিশ্চিত করতে হবে।
- মনিটরিং এর সময় প্রাপ্ত তথ্যাদি/নির্দেশনা/পরামর্শ ইত্যাদি সাইট অর্ডার বুকে আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে।

৩. তথ্য সংগ্রহ, ডাটাবেইজ তৈরি এবং হালনাগাদকরণ:

- মহাসড়কভিত্তিক ডাটাবেইজ নিয়মিত আপডেট করতে হবে। মন্ত্রণালয়/সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন উইং/শাখার চাহিদা বিবেচনায় নিয়ে সার্বিক বিষয়াদি সমন্বয় করে রোড ইনডেক্স সফ্টওয়্যার আপডেট করতে হবে। উক্ত সফ্টওয়্যারে উন্নয়ন ও মেইনটেন্যান্স কাজের বিস্তারিত তথ্যাদি যেমন: উন্নয়ন, রক্ষণাবেক্ষণ, পরিকল্পনা, ভূমি সংক্রান্ত, সময়ভিত্তিক বিভিন্ন তথ্য, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।
- কাজে বিলম্ব সৃষ্টিকারী, নিম্নমানের কাজ সম্পাদনকারী অথবা জনস্বার্থ বিঘ্ন করার ক্ষেত্রে দায়ী ঠিকাদার ও পরামর্শকদের বিরুদ্ধে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে তথ্য হালনাগাদ রাখার ব্যবস্থা করতে হবে।

৪. কাজের গুণগত মান নিয়ন্ত্রণ:

- চলমান প্রকল্পের নির্মাণ উপকরণের গুণগত মান নিশ্চিত করার স্বার্থে সড়ক ও জনপথ অধিদপ্তরের অভ্যন্তরীণ মনিটরিং জোরদার করতে হবে এবং সওজ অধিদপ্তরের কেন্দ্রীয় নিয়ন্ত্রণ মনিটরিং দৃশ্যমান করতে হবে। প্রকল্প ভিত্তিক ও পিএমপি কাজের অনলাইন মনিটরিং সিস্টেম চালু করতে হবে। মনিটরিংকালে সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশনাসমূহ সাইট অর্ডার বুক লিপিবদ্ধ করতে হবে।

- সওজ অধিদপ্তরের নিজস্ব যন্ত্রপাতি ক্রয় ও ল্যাবরেটরি টেস্টিং সুবিধা বৃদ্ধি করতে হবে। ১ম পর্যায়ে সকল সড়ক জোন/সার্কেলে টেস্টিং ল্যাবরেটরী স্থাপন করা যেতে পারে।
- সওজ কর্তৃক প্রণীত Quality Assurance Plan for Road Works, Quality Assurance Plan for Bridge works এবং Quality Auditing Guidelines অনুসারে প্রকল্প সম্পন্ন করতে হবে। এ তিনটি ডকুমেন্ট চুক্তির অংশ করতে হবে।
- ঠিকাদার কর্তৃক কাজের মান যেমন: নির্মাণ সামগ্রীর মান, কম্প্যাকশন, বিটুমিনের নির্মাণকালীন তাপমাত্রা, মানসম্মত যন্ত্রপাতি ব্যবহার, টেস্টিং ইত্যাদি কাজের গুণগত মান নিশ্চিত করা, মাটির কাজে মাটির মান, টার্পিং, ক্ল্যাডিং লেয়ার ব্যবহার, লেয়ার বাই লেয়ার কম্প্যাকশন, স্লোপ ইত্যাদি বিষয়গুলো নিশ্চিত করতে হবে এবং এ কাজে উপরি-উক্ত তিনটি ম্যানুয়াল ব্যবহার করতে হবে।

৫. সড়ক নিরাপত্তা সংক্রান্ত:

- মহাসড়কে নিরাপত্তার স্বার্থে যথাযথ মানসম্পন্ন ও স্ট্যান্ডার্ড সাইন, সিগন্যাল, নির্দেশক সাইন, রোড মার্কিং, গার্ড পোস্ট, কিলোমিটার পোস্ট ইত্যাদি নির্মাণ ও স্থাপন করার বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরকে উদ্যোগ গ্রহণ করতে হবে। এ কাজের জন্য প্রয়োজনীয় সার্ভে, স্ট্যাডি সম্পাদন করতে হবে।
- Safe System Approach এর মাধ্যমে মহাসড়কের নকশা প্রণয়ন করতে হবে যাতে সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নত হয়। প্রয়োজনের নিরিখে ইন্টারসেকশন ডিজাইন বাধ্যতামূলকভাবে প্রণয়ন করতে হবে।
- মহাসড়ক উন্নয়ন/সম্প্রসারণকালে বীক সরলীকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. গবেষণা সংক্রান্ত:

- এ বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহের গবেষণা কার্যক্রমে পরামর্শ প্রদান এবং পরিবীক্ষণ করার জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রের গবেষকসহ একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা যেতে পারে। কৃষি সেক্টরের BARC এর ভূমিকার অনুরূপ দায়িত্ব এ কমিটি পালন করতে পারে। এছাড়া এ বিভাগের অধীনস্থ সকল সংস্থার বিপরীতে গবেষণা কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।
- বাংলাদেশের আবহাওয়া উপযোগী উপযুক্ত টাইপের বিটুমিন এর সংস্থান করতে হবে। প্রয়োজনে এ বিষয়ে স্টাডি করা যেতে পারে।

৭. মেরামত/সংস্কার এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি:

- এ বিভাগ কর্তৃক প্রণীত পিএমপি কাজের ক্যালেন্ডার অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। বাস্তব পরীক্ষা-নিরীক্ষা করে আইটেমভিত্তিক প্রাক্কলন প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনের অতিরিক্ত প্রাক্কলন প্রণয়ন পরিহার করতে হবে।

১

১০/০৩/১১

- বর্ষাকালে বিটুমিনের কাজ পরিহার করতে হবে। তবে জরুরি মেরামতের ক্ষেত্রে বিশেষ ধরনের পানি সহনীয় বিটুমিন ব্যবহার করা যেতে পারে।
- ওভার লোড কন্ট্রোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহাসড়ক অবৈধ দখলদার থেকে দখলমুক্ত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। সকল মহাসড়কের রাইট অব ওয়ের নির্দিষ্ট দূরত্বে স্থাপনা নির্মাণের বিষয়ে সতর্কীকরণ বিজ্ঞপ্তি দর্শনীয়ভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে।
- জাতীয়, আঞ্চলিক ও ক্ষেত্র বিশেষে, জেলা মহাসড়ক উন্নয়ন প্রকল্পে টোল প্লাজা স্থাপন ও পরিচালনার সংস্থান রাখার বিষয়টি বিবেচনা করতে হবে।
- মহাসড়কের সৌন্দর্য্যবর্ধন ও পরিবেশের ভারসাম্য রক্ষার্থে বৃক্ষরোপন নীতিমালার আলোকে বৃক্ষরোপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
- প্রকল্প প্রস্তাবে প্রদত্ত তথ্য/উপাত্তের উৎস উল্লেখসহ এর যথার্থতার প্রত্যয়ন করতে হবে।
- বারবার মেয়াদ বৃদ্ধি পরিহারের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে।
- সময়ে সময়ে একনেক কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- মহাসড়ক উন্নয়নের মাধ্যমে পার্শ্ববর্তী ভূমির মূল্যবৃদ্ধির একটি অংশ সড়ক উন্নয়ন কর্তৃপক্ষ হিসেবে সরকারকে প্রদানের জন্য আইন/নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

১০/০৩/২০২০
(চন্দন কুমার দে)
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

বিতরণ:

- ১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা
- ২। সচিব, আইএমইডি, শেরে-বাংলানগর, ঢাকা
- ৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
- ৪। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর (সকল)

নং-৩৫.০০.০০০০.০৩৩.০৩৪.০০৪.১৬-৫৬(৭)/

তারিখঃ ০১/০৩/২০২০ খ্রি:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৬। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৭। যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৮-৯। অফিস কপি/মাস্টার কপি

১.৬.২০
(মোঃ মাহবুবের রহমান)
উপপ্রধান
ফোন: ৯৫৭৩৬১০

১